

জনকণ্ঠ ডেস্ক ॥ নর্থ সাউথ ইউনিভার্সিটির কনফুসিয়াস ইনস্টিটিউটের উদ্যোগে বুধবার ইউনান: এ মেনি-স্পেন্ডার্ড লাইফ' শীর্ষক আলোকচিত্র প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়েছে। বাংলাদেশে চীনা দূতাবাস, ইউনান প্রাদেশিক গণসরকারের তথ্য অফিস এবং ইউনান প্রাদেশিক পিপলস গভর্নমেন্টের পররাষ্ট্র বিষয়ক কার্যালয়ের পৃষ্ঠপোষকতায় এই প্রদর্শনীর আয়োজন করা হয়।

এ ছাড়া রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগ (পিএসএস), সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্নেন্স (এসআইপিজি) এবং কনফুসিয়াস ইনস্টিটিউট অব নর্থ সাউথ ইউনিভার্সিটি (সিআইএনএসইউ) যৌথ আয়োজনে চায়না-সাউথ এশিয়া সেন্টার ফর সোসিওকালচারাল স্টাডিজ (সিএসসিএসএস)-এর উদ্বোধন করা হয়। খবর বিজ্ঞপ্তির। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন চীনের কুনমিংয়ের ইউনান ইউনিভার্সিটির ভাইস প্রেসিডেন্ট

এনএসইউতে আলোকচিত্র প্রদর্শনী

প্রেসিডেন্ট অধ্যাপক হু জিনমিং এবং সিপিপি ইউনান প্রাদেশিক পার্টি কমিটির প্রচার বিভাগের উপ-মহাপরিচালক ও ইউনান প্রাদেশিক সিভিলাইজেশন অফিসের চেয়ারম্যান পেং বিন। চীনা বিদেশী প্রতিনিধিদলে ইউনান প্রাদেশিক সরকারের চারজন উচ্চপদস্থ কর্মকর্তাও ছিলেন। অনুষ্ঠানে নর্থ সাউথ ইউনিভার্সিটির মাননীয় ভাইস চ্যান্সেলর অধ্যাপক আতিকুল ইসলাম এবং বাংলাদেশে চীন দূতাবাসের কালচারাল কাউন্সেলর ইউ লিওয়েন উপস্থিত ছিলেন। সেমিনারে বিশেষ অতিথি ছিলেন চীনের কুনমিংয়ের ইউনান ইউনিভার্সিটির ভাইস প্রেসিডেন্ট অধ্যাপক হু জিনমিং। চীনা বিদেশী প্রতিনিধিদলে ইউনান প্রাদেশিক সরকারের পাঁচজন উচ্চপদস্থ কর্মকর্তাও ছিলেন। অনুষ্ঠানে নর্থ

সাউথ ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর অধ্যাপক আতিকুল ইসলাম এবং বাংলাদেশে চীন দূতাবাসের কাউন্সেলর ইউ লিওয়েন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. আব্দুর রব খান, স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোশ্যাল সায়েন্সের ডিন (আইসি) ও সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্নেন্সের পরিচালক অধ্যাপক ড. এস কে তোফিক এম হক, কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ও রাষ্ট্রবিজ্ঞান ও সমাজবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. বুলবুল সিদ্দিকী, এনএসইউ'র কনফুসিয়াস ইনস্টিটিউটের চীনা পরিচালক মা জিয়াওয়ান, চায়না-সাউথ এশিয়া সোসিওকালচারাল স্টাডিজের (সিএসসিএসএস) সমন্বয়ক এবং মিডিয়া, কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম (এমসিজে) প্রোগ্রামের সহযোগী অধ্যাপক ড. হারিছুর রহমান।



নর্থ-সাউথ ইউনিভার্সিটির কনফুসিয়াস ইনস্টিটিউটের উদ্যোগে বুধবার আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়